তারিখ ... 13 MAR 1991 ... ...
পৃষ্ঠা ... ... কলাম ...

25

দৈনিক বাংলা

হাঙ্গামার জের ঃ ছাত্রদের হল ত্যাগের নির্দেশ

# সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

।। স্টাফ রিপোর্টার ।।

সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এবং মঙ্গলবার সন্ধ্যা ৭টার মধ্যে ছাত্রাবাস ও আজ সকাল দশটার মধ্যে ছাত্রীবাস ত্যাগের জন্য সকল ছাত্রছাত্রীদেরকে নির্দেশ দেয়া হয়েছে, তবে বিদেশী ছাত্রছাত্রীরা থাকতে পারবে বলে জানা গেছে।

কলেজ একাডেমী কাউন্সিল গতকাল সাড়ে চার ঘন্টার সভায় জাতীয়তাবাদী ছাত্র দল ও বাংলাদেশ ছাত্র লীগের মধ্যে সংঘর্ষের কোন মীমাংসা করতে না পারায় এই সিদ্ধান্ত নেন।

উল্লেখ্য সোমবার সন্ধ্যায় এই দুইটি সংগঠনের মধ্যে সংঘর্ষে ৪ জন আহত হয়। (শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## সলিমুল্লাহ মেডিক্যাল

(প্রথম পৃষ্ঠার পর)

গতকাল কলেজ ক্যাম্পাসে উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করে। পূর্ব ঘোষিত তারিখ অনুযায়ী তৃতীয় বর্ষ এমবিবিএস ক্লাসের ছাত্রছাত্রীদের নির্ধারিত পরীক্ষা গতকাল অনুষ্ঠিত হতে পারেনি।

এইদিকে বিভিন্ন প্রফেশনাল এমবিবিএস পরীক্ষার্থীরা অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ করায় কর্তৃপক্ষের প্রশাসনিক ব্যর্থতাকে দায়ী করে ক্ষোভ প্রকাশ করেছে।

ছাত্র সংসদের উপ–সহসভাপতিকে একটি ছাত্র সংগঠনের ছত্রছায়ায় সোমবার বহিরাগতরা প্রহার করায় কলেজ ছাত্র সংসদ তীব্র নিন্দা জানিয়েছে।